

এইচএসসি পরীক্ষা কাল শুরু

● ১০ লাখের বেশি শিক্ষার্থী

নিম্ন বার্তা পরিবেশক

আগামীকাল ১ এপ্রিল শুরু হচ্ছে এইচএসসি ও সমমানের পরীক্ষা। এর মধ্যে লিখিত পরীক্ষা ২৮ মে পর্যন্ত এবং ১ থেকে ১৪ জুন ব্যবহারিক পরীক্ষা হবে। ৮টি সাধারণ ও মাদ্রাসা শিক্ষা বোর্ডের অধীনে প্রথমদিন সকাল ১০টা থেকে (আবশিষ্ট) ১ম পত্র, সহজ বাংলা ১ম পত্র, বাংলা ভাষা ও বাংলাদেশের সংস্কৃতি পরীক্ষা অনুষ্ঠিত হবে।

২০১৩ সালের এইচএসসি ও সমমানের পরীক্ষায় মোট ১০ লাখ ১২ হাজার ৫৮১ জন ছাত্রছাত্রী অংশ নিচ্ছে। গত বছরের চেয়ে এবার ৮৫ হাজার ৭৬৭ জন পরীক্ষার্থী বেড়েছে। এবার মোট পরীক্ষার্থীর মধ্যে পাঁচ লাখ ৩৫ হাজার ৬৬২ জন ছাত্র এবং চার লাখ ৭৬ হাজার ৯১৯ জন ছাত্রী। গত বছর পরীক্ষা : পূর্বা : ১৫ ত : ৭

পরীক্ষা : কাল শুরু

(১ম পত্রের পর)

এইচএসসি ও সমমানের পরীক্ষায় ৯ লাখ ২৬ হাজার ৮১৪ জন অংশ নিয়েছিল। সেই হিসাবে এবার পরীক্ষার্থী বেড়েছে ৮৫ হাজার ৭৬৭ জন। এবার দুই হাজার ২৮৮ কেন্দ্রে সাত হাজার ৮০০টি প্রতিষ্ঠানের শিক্ষার্থী পরীক্ষা দেবে। গতবারের চেয়ে এবার ২৪৭টি শিক্ষা প্রতিষ্ঠান ও ৯২টি পরীক্ষা কেন্দ্র বেড়েছে।

মোট পরীক্ষার্থীর মধ্যে ৮টি সাধারণ শিক্ষা বোর্ডের এইচএসসিতে ৮ লাখ ২০ হাজার ২৪১ জন, মাদ্রাসা বোর্ডের অধীনে আলিমে ৮৮ হাজার ৭৭৯ জন, কারিগরি শিক্ষা বোর্ডের অধীনে এইচএসসি বিএম/ডোকুমেন্টে ২৫ হাজার ৯৫৬ জন এবং ডিআইবিএসে চার হাজার ৬০৫ জন পরীক্ষা দেবে। এছাড়া এবার বিদেশের পাঁচটি কেন্দ্রে ১৬৫ শিক্ষার্থী পরীক্ষায় অংশ নেবে।

এবার বাংলা প্রথম পত্র, রসায়ন প্রথম ও দ্বিতীয় পত্র, পৌরনীতি প্রথম ও দ্বিতীয় পত্র, ব্যবসায় নীতি ও প্রয়োগ প্রথম ও দ্বিতীয় পত্রে সূজনীয় পদ্ধতিতে পরীক্ষা হবে। গত বছর শুধু বাংলা প্রথম পত্রের পরীক্ষা সূজনীয় পদ্ধতিতে হয়।

এবারও প্রতিবছরী, সেবিপ্রাণ পালসিজনিত প্রতিবছরী এবং যাদের হাত নেই এমন প্রতিবছরী পরীক্ষার্থীরা প্রতিবেশক নিয়ে পরীক্ষা দিতে পারবে। প্রতিবেশক নিয়ে পরীক্ষায় অংশগ্রহণকারী, বুকি ও শ্রবণপ্রতিবছরী অন্য সময়ের মতো এবারও অতিরিক্ত ২০ মিনিট সময় পাবেন।

বোর্ডওয়ারী পরীক্ষার্থী : ঢাকা শিক্ষা বোর্ডের অধীনে ৩১১টি কেন্দ্র থেকে পরীক্ষায় অংশ নিচ্ছে দুই লাখ ৬৫ হাজার ৪৯৯ জন শিক্ষার্থী, রাজশাহী বোর্ডের অধীনে ১৮০টি কেন্দ্র থেকে এক লাখ সাত হাজার ১২৭ জন, কুমিল্লা বোর্ডের অধীনে ১৬০টি কেন্দ্র থেকে ৮৯ হাজার ৫৫০ জন, যশোর বোর্ডের অধীনে ২০৪টি কেন্দ্র থেকে এক লাখ ১১ হাজার ১৫১ জন, চট্টগ্রাম বোর্ডের অধীনে ৮৭টি কেন্দ্র থেকে ৬৪ হাজার ১৭১ জন, বরিশাল বোর্ডের অধীনে ৮৬টি কেন্দ্র থেকে ৫২ হাজার ৮৬৭ জন, সিলেট বোর্ডের অধীনে ৭২টি কেন্দ্র থেকে ৪৩ হাজার ২৮২ জন, দিনাজপুর বোর্ডের অধীনে ১৭১টি কেন্দ্র থেকে ৮৯ হাজার ৫৯৪ জন, মাদ্রাসা বোর্ডের অধীনে ৩৯৬টি কেন্দ্র থেকে ৮৮ হাজার ৭৭৯ জন, কারিগরি বোর্ডের অধীনে ৬০০টি কেন্দ্র থেকে ৯৫ হাজার ৯৫৬ জন এবং ঢাকা বোর্ডের অধীনে ডিআইবিএস পরীক্ষার্থী হলো চার হাজার ৬০৫ জন।

বিদেশি কেন্দ্র : বিদেশি কেন্দ্রের মধ্যে কাতারের মোহা কেন্দ্র ২১ জন, সংযুক্ত আরব আমিরাতের আবুধাবি কেন্দ্রে ২৫ জন, সৌদি আরবের মেদ্বা কেন্দ্রে ৪৮ জন ও রিয়াদ কেন্দ্রে ৬৪ জন এবং লিবিয়ার গ্রিপলি কেন্দ্রে সাতজন শিক্ষার্থী এইচএসসি পরীক্ষায় অংশ নিবে।